### ক্রেতা আদালতের রায় মানল বিমা কোম্পানি

# ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দিতে বেসরকারি বিমা কোম্পানি গড়িমসি করছিল। ক্রেতা সুরক্ষা আদালতের রায়ে সেই বিমা কোম্পানি ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে বাধ্য হল। সোমবার বিমা কোম্পানির প্রদান করা চেক আদালতে এসে নিয়ে যায় মৃতের পরিবার। অন্যদিকে, শপিং মলের নাম লেখা ক্যারিব্যাগের জন্য ছয় টাকা নেওয়া হয়েছিল। মামলা দায়ের করার পর সংশ্লিষ্ট শপিং মলকে ৪০ হাজার টাকা ক্ষতিপূরণের নির্দেশ জলপাইগুড়ি ক্রেতা সুরক্ষা আদালতের। জেলা ক্রেতা সুরক্ষা আদালতের বিচারক তথা প্রেসিডেন্ট অপূর্বকুমার ঘোষ বলেন, 'কয়েক বছর আগে বাইক দুর্ঘটনায় এক তরুণের মৃত্যু হয়। পরে যে কোম্পানিতে বাইকটি বিমা করা ছিল তাঁরা তরুণের মৃত্যুর ক্ষতিপূরণ দিতে গড়িমসি করেছিল। এরপর মৃত তরুণের মা ভারতী দাস বিমা কোম্পানির বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা আদালতে মামলা দায়ের করেছিলেন। আদালত সিদ্ধান্তের পর বিমা কোম্পানিকে নির্দেশ দেওয়া হয় ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার জন্য। বিমা কোম্পানির দেওয়া ১৫ লক্ষ টাকার চেক এদিন ভারতী দাসের হাতে তুলে দেওয়া হয়। একইভাবে একটি শপিং মলে ক্রয় করা সামগ্রী নেওয়ার জন্য টাকার বিনিময়ে মলের নাম লেখা ক্যারিব্যাগ এক ক্রেতাকে দেয়। এরপর ওই ক্রেতা শপিং মলের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। আদালত ২৯ নভেম্বরের মধ্যে ওই শপিংমলকে ৪০ হাজার টাকা ক্ষতিপূরণের নির্দেশ দিয়েছে অভিযোগকারীকে দেওয়ার জন্য।'

২০২১ সালে জলপাইগুড়ির বামনপাড়ার বাসিন্দা শিবু দাসের বাইক দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল। ছেলের মৃত্যুর পর ক্ষতিপূরণের জন্য মা ভারতী একাধিকবার বিমা কোম্পানিতে দরখাস্ত করেছেন। অভিযোগ, বিভিন্ন অজুহাত দেখিয়ে সংশ্লিষ্ট বিমা কোম্পানি ক্ষতিপূরণ দিতে কার্যত অস্বীকার করে। এরপর কোনও উপায় না পেয়ে ভারতী ২০২৩ সালে সেপ্টেম্বর মাসে জলপাইগুড়ি ক্রেতা সুরক্ষা আদালতের দ্বারস্থ হন। ছেলের মৃত্যু সংক্রান্ত এবং বিমার যাবতীয় নথি তিনি আদালতে জমা দেন। লিগ্যাল এইডস ফোরাম থেকে ভারতী আইনজীবী নিয়োগ করেন। শুরু হয় মামলা। এক বছর শুনানি চলার পর আদালত সিদ্ধান্ত নেয় বিমা কোম্পানিকে ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার। ভারতীর কথায়, 'বিমা কোম্পানিতে অনেকবার গিয়েছি। কিন্তু তারা নানান অজুহাত দেখিয়ে বিমার ক্ষতিপূরণের টাকা দিতে গড়িমসি করছিল। বাধ্য হয়ে আমি ক্রেতা সুরক্ষা আদালতের দ্বারস্থ হয়েছিলাম। আদালতের রায়ে আমি খুশি।'

**ঘটনাক্রম**

- কয়েক বছর আগে বাইক দুর্ঘটনায় এক তরুণের মৃত্যু হয়
- যে কোম্পানিতে বাইকটি বিমা করা ছিল তারা তরুণের মৃত্যুর ক্ষতিপূরণ দিতে গড়িমসি করছিল
- মৃত তরুণের মা ভারতী দাস বিমা কোম্পানির বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা আদালতে মামলা দায়ের করেছিলেন
- বিমা কোম্পানির দেওয়া ১৫ লক্ষ টাকার চেক সোমবার ভারতীর হাতে তুলে দেওয়া হয়



দীপাবলির জন্য লক্ষ্মী ও গণেশের মূর্তি বিক্রি হচ্ছে। সোমবার। মালবাজারে অ্যানি মিত্রের তোলা ছবি।

## আইনি পদক্ষেপ

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** জলপাইগুড়ি জেলা আইএনটিটিইউসি'র জেলা সভাপতি তপন দে'র বিরুদ্ধে সোশ্যাল মিডিয়ায় উসকানিমূলক মন্তব্যের প্রতিবাদে আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিতে চলেছে সংগঠন। বিভিন্ন মহল থেকে সংগঠনের জেলা সভাপতির বিরুদ্ধে বিভিন্ন কটূক্তি ও বিরুদ্ধাচরণ করা হচ্ছে সামাজিক মাধ্যমে। সোমবার জেলা তৃণমূল অফিসে সংগঠনের পক্ষ থেকে বিজয়া সম্মিলনি আয়োজিত হয়। সেখানে সকল নেতৃত্ব জেলা সভাপতিকে আইনি পথে হাঁটার জন্য পরামর্শ দেন। তপন জানান, তিনি জেলা তৃণমূল সভাপতির সঙ্গে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবেন।

## থমকে ফোর লেনের কাজ

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** ইস্ট-ওয়েস্ট করিডরের বিন্নাগুড়ি মৌজায় ফোর লেনের কাজ এখনও থমকে রয়েছে। সমস্যা সমাধানে সোমবার কোনও প্রশাসনিক বৈঠক হয়নি। মঙ্গলবারেও কাজ শুরু নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। ইস্ট-ওয়েস্ট করিডরের ফোর লেন সার্ভে, ডিপিআর তৈরির জন্য সমীক্ষা করতে গিয়ে ২৫ অক্টোবর অফিসার ও কর্মীরা স্থানীয়দের হাতে আক্রান্ত হন। নিরাপত্তার অভাবের অভিযোগে তাঁরা কাজ বন্ধ করে দেন। স্থানীয়দের দাবিপূরণ না হলে তাঁরা কাজ করতে দেবেন না বলায় গুরুত্বপূর্ণ এই রুটের কাজ নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে।

## ব্যাংকে ভোগান্তি

**বেলাকোবা, ২৮ অক্টোবর :** লিংক ফেলিওরের ফলে সোমবার ভুগতে হল স্থানীয় একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের গ্রাহকদের। সেইসঙ্গে খারাপ ছিল সংলগ্ন এটিএমটিও। তাতে ভোগান্তি আরও বেড়েছে। গ্রাহকদের অভিযোগ, এদিন সকাল থেকেই দীর্ঘক্ষণ ব্যাংকে লিংকের সমস্যা ছিল। এব্যাপারে ব্যাংক ম্যানেজার গৌতম রসাই বলেন, 'লিংকের স্পিড কম ছিল। আর এটিএম নিয়ে তিনি খোঁজখবর করে ব্যবস্থা নেবেন।'

## বধূ নিখোঁজ

**ময়নাগুড়ি, ২৮ অক্টোবর :** ফের এক বধূ নিখোঁজের ঘটনা ঘটল ময়নাগুড়িতে। ময়নাগুড়ি ব্লকের দোমোহনি-২ গ্রাম পঞ্চায়েত এলাকার ঘটনা। নিখোঁজ ওই বধূ গত ২৪ অক্টোবর দুপুরে বাড়িতেই ছিলেন। বিকেল ৫টা নাগাদ বাড়ির কাউকে কিছু না বলেই তিনি বেরিয়ে যান। তারপর আর বাড়ি ফেরেননি। নিখোঁজ বধূর স্বামী এই বিষয়ে সোমবার ময়নাগুড়ি থানায় নিখোঁজ ডায়েরি করেন। ওই বধূর স্বামী সিকিমে রাজমিস্ত্রির কাজ করেন। ২৩ অক্টোবর তিনি ছুটি নিয়ে বাড়িতে আসেন। নিখোঁজ বধূর কাছে মোবাইল ফোন রয়েছে। যদিও সেই ফোনটি বন্ধ। অভিযোগ পেয়ে ঘটনার তদন্তে নেমেছে ময়নাগুড়ি থানার পুলিশ।

## কমিটি গঠন

**বেলাকোবা, ২৮ অক্টোবর :** রবিবার কুকুরজান হাইস্কুলে সিপিএমের রাজগঞ্জ ব্লক এরিয়া কমিটি গঠিত হল। গভীর রাত পর্যন্ত বৈঠকে দলের সদস্যদের মধ্যে ১৯ জনকে নিয়ে কমিটি হয়। কমিটির সম্পাদক রতন রায় পুনর্নির্বাচিত হয়েছেন। রতন বলেন, 'কমিটিতে তিনজন মহিলাকে নিযুক্ত করা হয়েছে।' বৈঠকে আগামীদিনে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের জনবিরোধী নীতি, দ্রব্যমূল্যের বৃদ্ধির প্রতিবাদে ও আরজি কর ঘটনায় দোষীদের শাস্তির দাবিতে আন্দোলনের প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

# হাসপাতালে ব্লাড স্টোরেজ ইউনিট দাবি

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ২৮ অক্টোবর :** বেশ কিছুদিন ধরেই রাজগঞ্জ গ্রামীণ হাসপাতালে ব্লাড স্টোরেজ ইউনিটের দাবি উঠছে। বিভিন্ন সামাজিক সংগঠনের বেশ কিছু তরুণ কয়েকদিন ধরে রাজগঞ্জ এলাকায় এই দাবির সমর্থনে গণস্বাক্ষর সংগ্রহ করেন। সোমবার তাঁরা রাজগঞ্জের বিএমওএইচ ডাঃ রাহুল রায়ের হাতে তুলে দেন গণস্বাক্ষর সংবলিত দাবিপত্র। বিএমওএইচ দাবিটি সহানুভূতির সঙ্গে দেখার এবং সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

রক্তের অভাবে অনেক সময় রোগীর প্রাণসংশয় এমনকি মৃত্যু পর্যন্ত ঘটার সাক্ষী রয়েছে রাজগঞ্জ। একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সম্পাদক বিশ্বজিৎ নাগ বলেন, 'অনেক সময় রক্ত নিয়ে আসতে কয়েক ঘণ্টা সময় লেগে যায়। সমস্যা মেটাতে দলমতনির্বিশেষে রাজগঞ্জের মানুষ রাজগঞ্জ গ্রামীণ হাসপাতালে ব্লাড স্টোরেজ ইউনিটের দাবি জানাচ্ছে।' রাজগঞ্জের বিএমওএইচ রাহুল রায় বলেন, 'গ্রামীণ হাসপাতালে ব্লাড ব্যাংক খোলা সম্ভব নয়। ব্লাড ব্যাংকের জন্য নির্দিষ্ট মেডিকেল অফিসার নার্স, অনেক ধরনের যন্ত্রপাতি প্রয়োজন। কিন্তু ব্লাড স্টোরেজ ইউনিট তৈরির উদ্যোগ নেওয়া যেতেই পারে।'



রাজগঞ্জের বিএমওএইচ ডাঃ রাহুল রায়ের হাতে দাবিপত্র দেওয়া হচ্ছে।

> রক্ত জীবন বাঁচাতে পারে। জীবন ছিনিয়েও নিতে পারে। সমস্যা মেটাতে রাজগঞ্জ গ্রামীণ হাসপাতালে ব্লাড স্টোরেজ ইউনি খোলার দাবি জানালাম আমরা।
>
> **তন্ময় মোদক** *সমাজসেবী*

যে তথ্যটি বেশি করে উঠে আসছে তা হল শিলিগুড়ি এবং জলপাইগুড়ি শহরের মাঝে রাজগঞ্জ এলাকায় কোনও ব্লাড ব্যাংক নেই। মুমূর্ষু কোনও রোগীর রক্তের প্রয়োজন হলে আত্মীয়রা ছুটে যান শিলিগুড়ি কিংবা জলপাইগুড়ির কোনও ব্লাড ব্যাংকে। অনেক ক্ষেত্রে রক্ত না পেয়ে খালি হাতেই ফিরতে হয়েছে রোগীর আত্মীয়দের। দাবিপত্র তুলে দিয়ে সমাজসেবী তন্ময় মোদক বলেন, 'রক্ত জীবন বাঁচাতে পারে। জীবন ছিনিয়েও নিতে পারে। সমস্যা মেটাতে রাজগঞ্জ গ্রামীণ হাসপাতালে ব্লাড স্টোরেজ ইউনিটের দাবি জানালাম আমরা।' এবিষয়ে বিএমওএইচের বক্তব্য, 'এলাকার তরুণদের দাবি যুক্তিসংগত। এলাকার মানুষের দাবি আমি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেব।'

# প্রশাসনের দ্বারস্থ শ্রমিকরা

**জ্যোতি সরকার**

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** জলপাইগুড়ি শহর সংলগ্ন করলাভ্যালি চা বাগানের ২০০-এর বেশি আদিবাসী পরিবারের নাম আবাস যোজনা প্রকল্পে তালিকাভুক্ত হয়নি। তাঁরা সরকারি আবাস পাওয়ার সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। বিষয়টি নিয়ে করলাভ্যালি চা বাগানের শ্রমিকরা সোমবার জলপাইগুড়ি সদর বিডিও'র দ্বারস্থ হন। স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য রুবিনা মুন্ডার নেতৃত্বে শ্রমিকরা বিডিও'র কাছে যান।

ওই পরিবারগুলি কাঁচা ঘরে বাস করেন। তাঁদের মধ্যে অনেকগুলি ঘর বসবাসের অযোগ্য। বিপুল খেড়িয়া, সুনিতা ওরাওঁ, জুলিস্তা ওরাওঁ, জুগ্মু খেড়িয়া প্রমুখের ঘরের ওপরে ঠিকমতো ছাউনি নেই। বর্ষায় হুহু করে ঘরের মধ্যে জল ঢুকে পড়ে। কনকনে ঠান্ডায় তো টেকাই দায়। সম্প্রতি আবাস যোজনা প্রকল্পে ২০১৮-এর তালিকা নিয়ে সমীক্ষা শুরু হয়েছে। বিপুলের কথায়, 'আমাদের গৃহহীন থাকার বিষয়টি আন্তরিকতার সঙ্গে বিবেচনা করে নতুন ঘর দেওয়া হোক।' বিডিও মিহির কর্মকার বললেন, 'করলাভ্যালি চা বাগানে আবাস যোজনার সার্ভে হয়েছে। বর্তমানে ওই সার্ভের বিষয়ে সমীক্ষা চলছে। নতুন করে কোনও নাম সংযোজনের সুযোগ নেই। পরবর্তীতে সরকার নতুন করে নাম সংযোজন করার নির্দেশ দিলে তা নিশ্চয়ই দেখা হবে।'

২০১৮ সালের আবাস যোজনার সার্ভে করা হয়। তাতে জলপাইগুড়ি জেলার ২৩ হাজার ৮০০ ব্যক্তির নাম রয়েছে। রুবিনা মুন্ডা বলেন, 'সরকারি উন্নয়নমূলক প্রকল্পগুলির পরিষেবা পাওয়ার ক্ষেত্রে আদিবাসীরা অগ্রাধিকার পায়। কিন্তু ২০১৮ সালের সমীক্ষায় ওই ২০০ পরিবার প্রকল্পের বাইরে চলে যায়। আমরা চাই আদিবাসী পরিবারগুলি সরকারি পরিষেবার পুরো সুযোগ পাক।' রুবিনা আরও জানান, তাঁর নির্বাচনি এলাকায় ২৫০ জনের মধ্যে মাত্র ৩৩ জনের নাম প্রকল্পের আওতায় এসেছে। যে সমস্ত আধিকারিক আবাস যোজনার কাজে তদারকি করেছেন সেখানে খামতি রয়ে গিয়েছে বলে অভিযোগ করেন তিনি।

## সততার পরিচয়

**বেলাকোবা, ২৮ অক্টোবর :** সততার পরিচয় দিলেন এক প্রাথমিক স্কুলের শিক্ষক। সোমবার বেলাকোবা সেন্ট্রাল ব্যাংকের এটিএমে চার হাজার টাকা তুলতে গিয়ে তা না নিয়ে ফিরে যান এক বেলাকোবাবাসী। ঘণ্টাখানেক বাদে তিনি ব্যাংক ম্যানেজার সৌম্যদীপ দুবের কাছে অভিযোগ জানাতে এলে জানতে পারেন, এক ব্যক্তি এটিএম থেকে চার হাজার টাকা পেয়েছেন এবং তাঁর মোবাইল নম্বর দিয়ে গিয়েছেন। সেই নম্বরে যোগাযোগ করলে শিক্ষক হারেস আলি আহাম্মেদ সেন্ট্রাল ব্যাংকের ম্যানেজারের কক্ষে উপস্থিত হয়ে তাঁকে চার হাজার টাকা ফিরিয়ে দেন।

## খুদেদের উপহার

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** ৫০ জন দুঃস্থ খুদে পড়ুয়া সোমবার স্কুলব্যাগ, খাতা, পেন্সিল প্রভৃতি পেয়ে দারুণ খুশি। জলপাইগুড়ির কদমতলার ব্যবসায়ী সুইটি ঘোষ ও স্বপ্ন বাস্তবায়ন সংস্থার যৌথ উদ্যোগে ওই খুদেদের মুখে হাসি ফুটল।

# পানীয় জলের সংকট

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ২৮ অক্টোবর :** সকাল সকাল পাড়ার মোড়ে পুরসভার কলের কাছে লম্বা লাইন। কেউ কেউ লাইনে বালতি রেখে পাশের ওয়ার্ডের জলের কল দেখে আসছেন। সেখানে জল পড়ছে কি না। আবার ভয়ও হয় নিজের ওয়ার্ডের কলের জল কখন শেষ হয়ে যায়। আবার দৌড়ে আসেন পাড়ার মোড়ে। রোজই পানীয় জল সংগ্রহ করতে বাসিন্দাদের হয়রান হতে হচ্ছে। কারণ একাধিক ওয়ার্ডে পানীয় জলের সংকট দেখা দিয়েছে। বাসিন্দারা বলছেন, শহরের ১, ২, ৮, ৯, ১০, ১১, ১৩ নম্বর ওয়ার্ডগুলিতে কার্যত পানীয় জল মিলছে না। তবে শহরের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডে আবার বিপরীত চিত্র। এই তিন ওয়ার্ডে আবার পানীয় জল পরিষেবা যথেষ্ট ভালো। দু'বেলা ঠিকমতো জল মিলছে। পাশাপাশি ওয়ার্ডের প্রতিবেশী একজন পুরসভার কলের জলে স্নান করছেন। আরেকজন এক বোতল জলে সারাদিনের তৃষ্ণা মেটাচ্ছেন। বাসিন্দারা বলছেন, সবে অক্টোবর। এই সময় থেকেই জলকষ্ট শুরু হয়ে গিয়েছে।

এই ব্যাপারে পুরসভার জল বিভাগের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলার নারায়ণ দাস বলেন, 'জলের প্রেশার কম থাকায় সংকট শুরু হয়েছে। পুরসভায় সবটাই জানানো হয়েছে।'

স্থানীয় বাসিন্দা মিষ্টি রায় বলেন, এই সমস্যা দিনকে-দিন বেড়েই চলছে।

## টুকরো খবর

### সচেতনতামূলক কর্মসূচি

**মালবাজার, ২৮ অক্টোবর :** মাল ব্লকের ডামডিম গ্রাম পঞ্চায়েতের রানিচেরা চা বাগানে সোমবার অনুষ্ঠিত হল এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনের (ইপিএফও) সচেতনতামূলক কর্মসূচি। এই কর্মসূচিতে চা শ্রমিক সহ অন্যদের প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে সচেতনতা বাড়ানো হয়। প্রভিডেন্ট ফান্ডের সমস্যা থাকলে তা দূর করার জন্যও আলোচনা হয়। অনুষ্ঠানটিতে আধিকারিক, কর্মী সহ বাগানের অন্য কর্মীরাও উপস্থিত ছিলেন। অর্গানাইজেশনের অঙ্কুর সিংহ রায় বলেন, 'প্রতি মাসে এই ধরনের একটি আউটরিচ শিবির করা হয়।'

### সাহায্য

**রাজগঞ্জ, ২৮ অক্টোবর :** প্রায় এক মাস আগে রাজগঞ্জের মান্তাদারি গ্রাম পঞ্চায়েতের দুধিয়া চর এলাকায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে চারজনের মৃত্যু হয়। সোমবার ওই পরিবারটির খোঁজখবর নিতে তাঁদের বাড়িতে যান রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায় এবং রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি রূপালি দে সরকার। বিধায়ক জানান, তিনি ওই পরিবারের দুই সদস্যের বর্তমান অবস্থার সম্পর্কে জানার জন্যই তাঁদের বাড়িতে এসেছেন। আগামীদিনে তাঁদের সব ধরনের সাহায্যের আশ্বাস দেন তিনি। ২৭ সেপ্টেম্বর বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বাড়ির মালিক পরেশ দাস, তাঁর স্ত্রী দীপালি দাস, ছেলে মিঠুন দাস ও দুই বছরের নাতি সুব্রত অধিকারী মারা যান।

### রক্তদান শিবির

**ধূপগুড়ি, ২৮ অক্টোবর :** সোমবার সোনাতলা হাট জামে মসজিদ কর্তৃপক্ষের তরফে আয়োজিত হল রক্তদান শিবির। একইসঙ্গে বস্ত্রদান ও সেমিনারও করা হবে বলে জানিয়েছেন। জামে মসজিদ কর্তৃপক্ষ জানায়, এদিন রক্তদান শিবিরে ৫০ জন রক্তদান করেন।

### বিজয়া সম্মিলনি

**ময়নাগুড়ি, ২৮ অক্টোবর :** ময়নাগুড়ি নাগরিক চেতনার তরফে ময়নাগুড়ি পশ্চিমপাড়া দুর্গাবাড়ি প্রাঙ্গণে বিজয়া সম্মিলনি অনুষ্ঠিত হল। এদিন সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি মানুষকে মিষ্টি খাওয়ানো হয়।

# জিআর টোকেন নিয়ে অসন্তোষ

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ২৮ অক্টোবর :** উৎসবের মরশুমে শহরের দরিদ্র বাসিন্দাদের জন্য জিআর বণ্টন করা হয়। সেজন্য পুরসভার তরফেই ওয়ার্ডের কাউন্সিলারদের দেওয়া হয় জিআর-এর টোকেন। সেই টোকেন বণ্টন নিয়ে এবার সরব হলেন মাল পুরসভার একাধিক কাউন্সিলার।

কালীপুজো উপলক্ষ্যে সেই জিআর-এ মাথাপিছু ৬ কেজি করে চাল দেওয়ার কথা। সেই মতো মাল পুরসভা থেকে সব কাউন্সিলারের মধ্যে জিআর দেওয়ার টোকেন ভাগ করে দেওয়া শুরু হয়েছে। ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সুরজিৎ দেবনাথ দাবি করেছেন, তাঁকে যে সংখ্যক টোকেন দেওয়া হয়েছে, তা যথেষ্ট নয়। সুরজিৎ বলেন, 'আমি বিগত দিনে ভাইস চেয়ারম্যানকে বারবার বলেছিলাম যে আমার ওয়ার্ডে গরিব মানুষের সংখ্যা বেশি। তাই আমার টোকেনের সংখ্যা আরও একটু বাড়িয়ে দেবেন। আমার ওয়ার্ডের জন্য বরাদ্দ মাত্র ২৫০টি। আমি চেয়েছিলাম ৩০০টি টোকেন। তা পাইনি বলে আমি টোকেন নিতে অস্বীকার করেছি।' এব্যাপারে জানতে চাওয়া হলে ভাইস চেয়ারম্যান উৎপল ভাদুড়ি পরোক্ষে মেনে নিয়েছেন যে জিআর টোকেনের সংখ্যা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। তবে তাঁরা তা সব ওয়ার্ডে ভাগ করে দেওয়ার চেষ্টা করেন। উৎপল বলেন, 'সুরজিৎ কেন প্রতিবাদ করছে, সেটা আমার জানা নেই। সেটা তাঁর ব্যক্তিগত মতামত। আর সুরজিৎ এব্যাপারে আমার সঙ্গে কোনও আলোচনাও করেননি।' শাসকদলের দুই কাউন্সিলারের এই তর্জায় কোন্দলের আভাস দেখতে পাচ্ছে বিরোধীরা। বিষয়টি নিয়ে সরব হয়েছেন বিজেপির টাউন মণ্ডল সভাপতি নবীন সাহা। তিনি বলেন, 'সামাজিক পরিষেবা নিয়ে তৃণমূলের অন্দরে গোষ্ঠীকোন্দল তো রয়েছেই। তা বারবার সামনে চলেও আসছে। আর ওদের গোষ্ঠীকোন্দলের ফলে পরিষেবা ব্যাহত হচ্ছে।'

তবে কেবল সুরজিৎই নয়, একই বিষয়ে সরব হয়েছেন অন্য কাউন্সিলাররাও। ৪ নম্বর ওয়ার্ডের একমাত্র কাউন্সিলার বিজেপির সুশান্ত সাহাও টোকেনের সংখ্যা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন। তিনি বলেন, 'আমি ২০০টি টোকেন পেয়েছি। আরও পেলে ভালো হত।'



ফাটাপুকুরের কিশোর সংঘের ২০ হাতের কালী প্রতিমা।

# শ্যামার আরাধনায় বেলাকোবা

**বেলাকোবা, ২৮ অক্টোবর :** পানিকৌরি অঞ্চলের অন্যতম সেরা কালীপুজোগুলোর মধ্যে একটি ফাটাপুকুর কিশোর সংঘের কালীপুজো। এবার সেই পুজোর ৩০তম বর্ষ। তাদের থিম অনুভূতি। কিশোর সংঘ পুজো কমিটির সভাপতি শুভঙ্কর ঘোষ বলেন, 'মানুষের চিন্তাভাবনা এবং সমাজে তার প্রভাব কী, সেই বার্তাই দেওয়া হবে।'

পুজোর বাজেট আনুমানিক ১০ লক্ষ টাকা। ২০ হাত প্রতিমা, নজরকাড়া মণ্ডপ ও এক কিলোমিটার রাস্তাজুড়ে আলোকসজ্জা দর্শনার্থীদের নজর কাড়বে বলে আশা উদ্যোক্তাদের।

বেলাকোবা বাবুপাড়া সর্বজনীন শ্যামাপুজো কমিটি এবার কাল্পনিক মন্দিরের আদলে মণ্ডপ গড়তে চলেছে। তার প্রস্তুতিও জোরকদমে চলছে। স্থানীয় বাসিন্দা এবং বেলাকোবা পুলিশ ফাঁড়ির আবাসিকদের যৌথ উদ্‌যোগে এই পুজোর আয়োজন করা হয়। স্থানীয় মৃৎশিল্পীর হাতে বানানো প্রতিমা শোভা পাবে মণ্ডপে। পুজো কমিটির সদস্য প্রসেনজিৎ দে বলেন, 'এবছর পুজোতে তিনদিন ধরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। শুধু সাংস্কৃতিক অনুষ্ঠান নয়, ভোগ বিতরণ, বস্ত্র বিতরণ, বসে আঁকো প্রতিযোগিতা সহ যাবতীয় কর্মসূচির আয়োজন করা হয়েছে।'

এবছর ১৭তম বর্ষে পা দিতে চলেছে পণ্ডিতের বাড়ি সর্বজনীন পুজো কমিটির পুজো। পুজো কমিটির সদস্য বিশাল রায় জানিয়েছেন, পুজোর পরের দিন ভোগ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## জেলার খেলা

### জেলা দলে ইমন



**চালসা, ২৮ অক্টোবর :** আইএফএ-র অনূর্ধ্ব-১৪ ফুটবলে জলপাইগুড়ি জেলা দলে সুযোগ পেল মেটেলি ব্লকের চালসা সংলগ্ন শালবাড়ির ইমন গুরুং। ব্যবসায়ী কার্তিক গুরুং ও গৃহকর্তী দীপা গুরুংয়ের ছেলে ইমন বিন্নাগুড়ি সেন্ট জেমস স্কুলের সপ্তম শ্রেণির ছাত্র। জাতীয় দলের হয়ে ফুটবল খেলার স্বপ্ন ইমনের।

### টি২০ ক্রিকেট

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর:** আন্তঃজেলা টি২০ ক্রিকেটে সোমবার জলপাইগুড়ি বনাম শিলিগুড়ি মহকুমা পরিষদের ম্যাচ খারাপ আবহাওয়ার জন্য ভেস্তে যায়। সেই ম্যাচটি হবে মঙ্গলবার। জেলা ক্রীড়া সংস্থার সচিব ভোলা মণ্ডল জানিয়েছেন, প্রতিকূল আবহাওয়ার কারণে প্রথম ম্যাচ না হওয়ায় জলপাইগুড়ি ও উত্তর দিনাজপুর জেলাকে ১ পয়েন্ট করে দেওয়া হয়েছে।

# কোরানিপাড়ায় দিনে পূজিত হন কালী

**অনসূয়া চৌধুরী**

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** কার্তিক মাসের অমাবস্যা তিথিতে রাতেরবেলায় সাধারণত কালীপুজো হয়ে থাকে। সারারাত মায়ের আরাধনায় ভক্তরা ব্রতী হন। কিন্তু জলপাইগুড়ি শহর সংলগ্ন কোরানিপাড়া এলাকায় প্রায় ৪৫০ বছরের পুরোনো কালী মন্দিরে মা দিনেরবেলায় পূজিত হন। শুনতে অবাক লাগলেও বছরের পর বছর ধরে এই নিয়ম চলে আসছে। কোরানিপাড়া গদাধর ক্যানাল সংলগ্ন পুরাতন পান্ডাপাড়া মাতৃমন্দিরে তাই কালীপুজোয় রাতে পুজোর আয়োজন হয় না। ওই দিন সকালে নিত্যপুজোর মতোই মা পূজিত হন। তবে, দুর্গাপুজোর অষ্টমী তিথিতে মায়ের বাৎসরিক পুজো হয়। সেটিও দিনেরবেলাতে। পাশাপাশি এই মন্দিরে কোনও কালী প্রতিমার দেখা মিলবে না। তার বদলে বেদি রয়েছে। সেখানেই পুজো করা হয়। মন্দিরের বর্তমান পুরোহিত বিমানশেখর রায় বলেন, 'এই মন্দিরে রাতে পুজোর বিধান নেই। তাই কালীপুজোয় অমাবস্যা তিথিতে রাতে পুজো হয় না। প্রতিদিনের মতো ওই দিন সকালে মন্দিরে নিত্যপুজো হয়। সন্ধ্যাবেলায় প্রচুর ভক্ত এসে মোমবাতি জ্বালিয়ে যান।'



মূর্তি ছাড়া বেদিতে এখানেই মায়ের পুজো হয়। সোমবার। -সংবাদচিত্র

> এই মন্দিরে রাতে পুজোর বিধান নেই। তাই কালীপুজোয় অমাবস্যা তিথিতে রাতে পুজো হয় না। প্রতিদিনের মতো ওই দিন সকালে মন্দিরে নিত্যপুজো হয়। সন্ধ্যাবেলায় প্রচুর ভক্ত এসে মোমবাতি জ্বালিয়ে যান।
>
> **-বিমানশেখর রায়** *পুরোহিত*

স্থানীয় সূত্রে খবর, আগে এই মন্দির বলতে ছিল মাটির বেদি। আর বট গাছের নীচে শিবলিঙ্গ। প্রতি শনি-মঙ্গলবার ও অমাবস্যা তিথিতে দূরদূরান্ত থেকে ভক্তরা মোমবাতি জ্বালিয়ে প্রার্থনা করতে আসতেন। রাস্তায় কোনও আলোর ব্যবস্থা ছিল না। সময় পালটেছে। এখন কংক্রিটের মন্দির তৈরি হয়েছে। কিন্তু এখনও ৪৫০ বছরের পুরোনো বেদিতেই দেবী পূজিত হন। যাঁদের জমির উপর এই মন্দির সেই বংশের সন্তান পুলক শর্মা আগে দেবীর পুজো করতেন। কিন্তু বর্তমানে শারীরিক অসুস্থতার কারণে তিন বছর ধরে পুরোহিত বিধানশেখর রায় পুজো করছেন।

মন্দিরের ইতিহাস প্রসঙ্গে পুলক বলেন, 'শুনেছি সেই সময় পান্ডাপাড়া এলাকা জঙ্গলে পরিপূর্ণ ছিল। পাশাপাশি ছিল শ্মশান ও কবরস্থান। সেসময় ঠাকুরদার বাবাকে দেবী স্বপ্ন দেখিয়েছিলেন যে তিনি এখানে থাকবেন। প্রথমে মাটির বেদি করে পুজো হত। প্রতিমাও আনা হয়েছিল। কিন্তু স্বপ্নে দেবীমূর্তি না রাখার কথা জানান। এই দেবীর বিশেষত্ব হল তিনি স্বয়ংসিদ্ধা। জাতিধর্মনির্বিশেষে সকলে মায়ের কাছে আসেন, প্রার্থনা করেন। ভক্তিসহকারে ডাকলে মা সকলের মনস্কামনা পূরণ করেন।'

## ছোট তারা ★



ময়নাগুড়ি হাইস্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র রূপ সাহা তাইকোন্ডো অনূর্ধ্ব চোদ্দো বিভাগে রাজ্যে চ্যাম্পিয়ন হয়েছে। মধ্যপ্রদেশে জাতীয় স্তরের প্রতিযোগিতায় সে অংশ নেবে আগামী ৭ এবং ৮ নভেম্বর।





# সোনা-রুপো-তামা না হলে ঝাড়ুই সই

**দীপাবলির আগে লক্ষ্মীলাভ ও সংসারে সুখশান্তির বিশ্বাসে ধনতেরাস এখন বাঙালির ঘরের উৎসব। পকেটের চাপ সহ্য করেই চলে সোনারুপোর গয়না কেনাকাটা। যাঁদের সেই ক্ষমতা নেই তাঁরা চলনসই বাসন কিংবা ঝাড়ু কিনেই রীতি পালন করবেন। দুপুর থেকে দোকানে দোকানে বধূদের ঢুঁ। কিছু কিনেই বাড়ি ফেরা। ধনতেরাস নিয়ে কী বলছেন জেলা শহর জলপাইগুড়ির বাসিন্দারা, তুলে ধরলেন উত্তরবঙ্গ সংবাদের প্রতিনিধি অনীক চৌধুরী।**

### পিতলের বাসন কেনার ইচ্ছে



পুজোর কেনাকাটার পর দামি কিছু কেনা হয় না। তবে ট্রেন্ড বলে তো একটা জিনিস আছে। তাই প্রতি বছরই ধনতেরাসে কিছু কিনে থাকি। সোনার যা দাম, তাতে আমাদের পক্ষে কেনা অসম্ভব। তবে পিতলের বাসনপত্র কেনার ইচ্ছে আছে। তাও না হলে অগত্যা ঝাড়ু কিনবই। ধনরক্ষা এবং পরিবারের সকলের সুস্থতার জন্যে এই কেনাকাটা।

-শেফালি মণ্ডল চায়ের দোকানি





### রুপোর লক্ষ্মী-গণেশ সেট



আমার বিয়ের পর এবার প্রথম ধনতেরাস। সংসারের কল্যাণে এবং শ্রীবৃদ্ধির জন্য কিছু কিনতে হয় শুনেছি। দামের কারণে সোনা কেনা হবে বলে মনে হয় না। কী কিনব বুঝতে পারছি না। তবে হালকা ওজনের কিছু একটা নেওয়ার ইচ্ছে আছে। বাড়ির মঙ্গলকামনায় ঘর সাজাতে রুপোর লক্ষ্মী-গণেশ সেটও কিনতে পারি।

-সুস্মিতা চক্রবর্তী ব্যাংককর্মী

### রুপোর কয়েন কিনব



কয়েকবছর ধরে ধনতেরাসে কেনাকাটা করছি। শুনেছি সেদিন সোনা বা রুপো কিনলে মা লক্ষ্মীর আশীর্বাদ মেলে, সমৃদ্ধি ঘটে। সোনা বাজেটের বাইরে হয়ে যাবে ভেবে রুপোর কয়েন কিনব। পরিবার এবং সংসারের শ্রীবৃদ্ধির জন্যে এটা করলে মানসিক শান্তি পাব।

-শোভনা দেব সরকার গৃহকর্ত্রী

### সোনারই কিছু কিনব



প্রত্যেক গৃহবধূর সোনার গয়নার প্রতি একটা ভালোবাসা বা চাহিদা থাকে। কিন্তু ধনতেরাস সোনা কেনার জন্য একটা বিশেষ দিন। তাই এই দিনটিতে সোনার কিছু কেনার জন্য সারাবছর ধরে অল্প অল্প করে টাকা জমাই। এবারও গলা বা হাতের কিছু একটা কিনব।

-পম্পা ইন্দ্র নিয়োগী গৃহকর্ত্রী

### এই ট্রেন্ডে আমাদের লাভ



দেড় দশক আগেও জলপাইগুড়িতে ধনতেরাস নিয়ে এত মাতামাতি ছিল না। হালে ট্রেন্ড চলছে। যা আমাদের ব্যবসার পক্ষে ভালোই। অনেকে আগেই অর্ডার করেছেন অ্যাডভান্স সহ। অনেকে গয়নার বদলে রুপোর মূর্তি, থালা এগুলো কিনবেন। ক্রেতাদের পছন্দ হবে এমন সোনার হালকা এবং মাঝারি ওজনের গয়না বেশি রাখছি।

-শান্তনু রায় জুয়েলারি শোরুমের মালিক

### ভিলেন সোনার দাম



বাজেট যাই হোক না কেন, কাউকে যাতে ফিরে যেতে না হয়, আমরা সেই চেষ্টা করি। তবে এবার ভিলেন সোনার দাম। মানুষ অর্ডার দিতে আসছেন ঠিকই, কিন্তু দাম শুনে তাঁর চাহিদা থেকে পিছিয়ে তুলনামূলক হালকা গয়নার অর্ডার দিচ্ছেন। তাই হালকা নানা ধরনের গয়নার প্রচুর স্টক রাখছি।

-প্রসেনজিৎ তালুকদার জুয়েলারি শোরুমের মালিক

### সোনা না হলে রুপো



গতবছর এই দিনে মায়ের জন্য একটা সোনার গয়না কিনেছিলাম। এবার ঠিক করেছি মাসিকে সোনার কিছু একটা দেব। যদি বাজেট ফেল না হয়, তাহলে নিজের জন্য সোনার না হলেও রুপোর কিছু একটা আনব। শুনেছি এইদিন ধাতু কিনলে বাড়ির মঙ্গল এবং শ্রীবৃদ্ধি হয়। গত দু'বছর ধরে ধনতেরাসে কিছু না কিছু কিনছি।

-শ্রেয়স চক্রবর্তী বেসরকারি সংস্থার কর্মী



### অনেকে অগ্রিমও দিয়েছেন



বছরভর আমরা দোকানে ঝাড়ু রাখলেও ধনতেরাসে এর বিক্রি অনেক বেড়ে যায়। এবার আগে থেকেই প্রায় দুই হাজার ঝাড়ু উল্লারডাবরি থেকে আনিয়ে স্টক করেছি। প্রচুর ক্রেতা বলে গিয়েছেন, ধনতেরাসের দিন এসে নিয়ে যাবেন। অনেকে অগ্রিমও টাকা দিয়েছেন। স্টকে যত আছে সব শেষ হয়ে যাবে বলে মনে হচ্ছে।

-অনুপকুমার শাহ ঝাড়ু ব্যবসায়ী

### তামার সামগ্রীর বেশি চাহিদা



বছর পাঁচেক আগেও ধনতেরাসে ধাতু কেনার চল ছিল না বাঙালির মধ্যে। কিন্তু, গত কয়েকবছরে ধনতেরাসে অলংকার, বাসন কেনার একটা চল শুরু হয়েছে। বেশিরভাগ মানুষ তামার সামগ্রী কিনছেন। থালা, ধূপস্ট্যান্ড, ঘট, প্রদীপের চাহিদা আছে। ধনতেরাসের কৃপায় আশা করছি বিক্রি ভালোই হবে।

-সন্তোষ বর্মন বাসন ব্যবসায়ী

## পুরোহিতের কথা



পুরাণকাল থেকে কৃষ্ণপক্ষের ত্রয়োদশী তিথি আমাদের কাছে ধন্বন্তরি দেবতার পুজোর দিন হিসেবে পরিচিত। সমুদ্রমন্থনের সময় ধন্বন্তরি দেবতার উৎপত্তি। তারপর থেকে পুজোর প্রচলন। অনেকে দেবী লক্ষ্মীর সঙ্গে এর যোগসূত্রের কথা বলেন। কিন্তু, এর সঙ্গে ধাতু কেনার কোনও ব্যাখ্যা শাস্ত্রে নেই। বিজ্ঞাপনী প্রচার বা ব্যবসার জন্য এখন সোনা, রুপোর গয়না কেনার চল হয়েছে।

– সুব্রত চক্রবর্তী



এই দিনটিতে সমুদ্রমন্থনে ধন্বন্তরির আবির্ভাবের কথা আছে। এছাড়াও লক্ষ্মীর পুজোও হয় এই সময়। ঘরের শুভকামনায় এই সময় অনেকে দেবীর আসনে সৈন্ধব লবণ, কর্পূর, আতপ চাল, জলশঙ্খ, গাছকৌটো রাখেন। কিন্তু সোনা কেনার কথা কোথাও উল্লেখ নেই। বিগত কিছু বছর ধরে সোনা, রুপো, বাসন এবং ঝাঁটা কেনার প্রচলন বেড়েছে। হয়তো অন্য রাজ্যের রীতির দেখাদেখি বাঙালির মধ্যেও ধাতু কেনা শুরু হয়েছে।

- মিন্টু চক্রবর্তী





ছবি: শুভঙ্কর চক্রবর্তী

# কালীপুজোতেও ট্রাফিকে রাশ

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** দুর্গাপুজোর পর এবার কালীপুজোতেও থাকছে টোটো চলাচলের ওপর নিষেধাজ্ঞা। কালীপুজোতেও বিকেল চারটের পর থেকে শহর এলাকায় চলবে না টোটো এবং গাড়ি। দর্শনার্থীদের ভিড়ের পরিস্থিতি দেখে রাস্তা বিশেষে বাইক চলাচলের ওপরেও থাকবে নিষেধাজ্ঞা। সোমবার জলপাইগুড়ি জেলা পুলিশের কালীপুজো গাইড ম্যাপের উদ্বোধনে এমনটাই জানানো হল পুলিশের তরফে। শহরের বাইরে চারটি জায়গা চিহ্নিত হয়েছে গাড়ি পার্কিংয়ের জন্য। পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত বলেন, 'দর্শনার্থীদের সুবিধার জন্য আমরা কালীপুজোতেও জলপাইগুড়ি, ময়নাগুড়ি এবং ধূপগুড়ির জন্য গাইড ম্যাপ তৈরি করেছি। এছাড়াও আমরা একটা নির্দিষ্ট সময়ের পর কালীপুজোতেও টোটো চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করছি। পুজোর গাইড ম্যাপে পথ নির্দেশিকা সহ গাড়ি পার্কিংয়ের জায়গা উল্লেখ রয়েছে। এছাড়াও বাজির জন্য নির্দিষ্ট বাজার করা হয়েছে। আমরা গ্রিন বাজি দেখে কেনার অনুরোধ জানাচ্ছি।'

শহর এবং শহরতলি মিলিয়ে মোট প্রায় ১৫টির মতো বিগবাজেটের কালীপুজো রয়েছে। যার মধ্যে সব থেকে বেশি আকর্ষণ রয়েছে দাদাভাই ক্লাব, নবারুণ সংঘ, যুব ঐক্য, মুনলাইট ক্লাব, যুবকল্যাণ সমিতির মতো বিগবাজেটের পুজোগুলোতে। গত বছর সব থেকে বেশি ভিড়ের ছবি দেখা গিয়েছে দাদাভাই এবং নবারুণ সংঘের পুজোর জন্য চার নম্বর গুমটির রাস্তায়। এমনও দেখা গিয়েছে পাশাপাশি এই দুটো পুজো দেখার জন্য মানুষকে ঘণ্টার পর ঘণ্টা রাস্তায় দাঁড়িয়ে থাকতে হয়েছে। বিগত বছরের ভিড়ের কথা মাথায় রেখে এবার আগে থাকতেই পুলিশের তরফে ভিড় নিয়ন্ত্রণে বেশ কিছু পদক্ষেপ করা হচ্ছে।

জানা গিয়েছে টোটো, গাড়ি তো দূরের কথা বাইক নিয়ে কাউকে ৪ নম্বর রেল গুমটি পার হতে দেওয়া হবে না। কদমতলা বাসস্ট্যান্ড এলাকাতেই বাইক রেখে ওই এলাকায় ঠাকুর দেখতে যেতে হবে। অন্যদিকে, সেবাগ্রামের মোড় থেকেই ৪ নম্বর গুমটি যাওয়ার রাস্তায় যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হবে। একইভাবে ডিবিসি রোডের মুনলাইট ক্লাবের ভিড় নিয়ন্ত্রণের জন্য থানা মোড় থেকেই বাইক নিয়ন্ত্রণ করবে পুলিশ। যুব মঞ্চ এবং মিলনির পুজোর জন্য কদমতলা মোড় থেকে বেগুনটারি মোড় পর্যন্ত রাস্তা সম্পূর্ণ যানবাহনের জন্য নো এন্ট্রি থাকবে। প্রতিটি বিগবাজেটের পুজোর সামনে একটি করে পুলিশ অ্যাসিস্ট্যান্ট বুথ করা হচ্ছে।

সাদা পোশাকের পুলিশ, পিঙ্ক পুলিশ এবং উইনার্স টিম পুজোমণ্ডপ এবং ভিড় এলাকায় নিয়মিত নজরদারি চালাবে। সেই সঙ্গে পুলিশ কন্ট্রোলরুম থেকে সিসিটিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি চালাবে পুলিশ। এদিনের অনুষ্ঠানের মঞ্চ থেকে দুর্গাপুজোতে সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচির ওপর সচেতনতামূলক প্রচারের জন্য জেলার তিনটি পুজো কমিটিকে পুলিশের তরফে পুরস্কৃত করা হয়। কমিটিগুলো হল, রাজগঞ্জের শ্রীসংঘ ক্লাব, সদর ব্লকের মোহিতনগর ক্লাব ও পাঠাগার এবং লাটাগুড়ির নেতাজি সংঘ। স্মারকের পাশাপাশি ৪৫ হাজার টাকার চেক প্রদান করা হয় পুলিশের তরফে।

## থিমে আশার আলো

**অভিরূপ দে**

**ময়নাগুড়ি, ২৮ অক্টোবর :** থার্মোকল, প্লাস্টিকের কুপ্রভাব সবার সামনে। আজ যদি মাটির কাছে ঠাঁই না নিই তবে বাঁচাবে কে? আঁধার ঘনিয়ে এলে কে দেখাবে পথ? অন্ধকারের উৎস হতে উৎসারিত আলোই হয়তো আশা নিয়ে আসবে। এমনই ভাবনায় এবারে ময়নাগুড়ির দুই ক্লাব কালীপুজোর থিম বেছে নিয়েছে। 'মাটির ঘরে মা' এই থিমে কালীপুজোর মণ্ডপ গড়ছে বিবেকানন্দ অ্যাথলেটিক ক্লাব। ময়নাগুড়ি ইস্টার্ন ইয়ং অ্যাসোসিয়েশনের পুজোর থিম 'জ্যোতির্ময়ী'। ময়নাগুড়ির অন্য বড় পুজোগুলির পাশাপাশি এই দুটি ক্লাবের কর্মকর্তারা তাঁদের পুজোমণ্ডপে দর্শনার্থী টানার চেষ্টায় প্রস্তুতি প্রায় সেরে ফেলেছেন।

বিবেকানন্দ অ্যাথলেটিক ক্লাবের পুজো এবার ৬৩তম বর্ষে পড়ল। পুজো মণ্ডপটিকে পরিবেশবান্ধব উপকরণ দিয়ে সাজিয়ে তোলা হচ্ছে। মণ্ডপসজ্জায় পুরোনো দিনে বিভিন্ন ধরনের মাটির পুতুল ব্যবহার করা হচ্ছে। মাটির পুতুল ছাড়াও মাটির কাপ, মাটির তাওয়া, হাঁড়ি, ঘণ্টা প্রভৃতি ব্যবহার করছে। ধূপগুড়ির শিল্পী জয় সরকার মণ্ডপ তৈরির দায়িত্বে রয়েছেন। মাটির জিনিসের পাশাপাশি তালপাতার পাখা, বাঁশের বিশাল কুলো মণ্ডপসজ্জায় ব্যবহার করা হয়েছে বলে মণ্ডপশিল্পী জানিয়েছেন। বাঁশ দিয়ে একটি বট গাছের আদল তৈরি চলছে। মাটির ছোট কাপের ব্যবহারে ওই গাছের পাতা তৈরি করছেন শিল্পীরা। পুজো কমিটির সভাপতি রাজু ভৌমিকের কথায়, 'ময়নাগুড়ির বিগ বাজেটের পুজোগুলির মধ্যে আমাদের পুজো দর্শনার্থীদের নজর কাড়বে।' টেকাটুলির হরিশংকর রায় এই পুজোর প্রতিমা তৈরি করছেন। আয়োজকরা জানিয়েছেন, মণ্ডপে ঢোকার আগে রাস্তাজুড়ে চন্দননগরের আলোকসজ্জা থাকছে। পুজো কমিটির সম্পাদক উত্তম দাশগুপ্তের বক্তব্য, 'বরাবরের মতো এবারেও আমাদের পুজোর থিমে অভিনবত্ব রয়েছে।'

ময়নাগুড়ি ইস্টার্ন ইয়ং অ্যাসোসিয়েশন কালীপুজো এবার ৩৫তম বছরে পড়েছে। চারদিকে শুধু সমস্যা, অন্ধকার। কে হবেন মানবজাতির আদর্শ? কারা দেখাবেন প্রকৃত পথ, কারা দেখাবেন আশার আলো? সেই বিষয়গুলিকে সামনে রেখে অন্ধকারের উৎস হতে উৎসারিত আলোর ঠিকানায় ওই ক্লাবের নিবেদন 'জ্যোতির্ময়ী'।

ময়নাগুড়ি ফুটবল ময়দানে পুজোর প্যান্ডেল তৈরির কাজ প্রায় শেষের পথে। ফালাকাটার স্নেহাংশুশেখর বিশ্বাস মণ্ডপ তৈরির দায়িত্বে রয়েছেন। স্থানীয় মৃৎশিল্পী বুলেট রায় প্রতিমা তৈরি করছেন।

## পুজো উদ্বোধন

**ধূপগুড়ি, ২৮ অক্টোবর :** সুহৃদ সংঘের ৩৬তম পুজো উদ্বোধনের মাধ্যমে সোমবার রাতে শুরু হয়ে গেল এবারের ধূপগুড়ির শ্যামাপুজো উৎসব। এদিন মণ্ডপে দর্শনার্থীদের ভিড় ছিল চোখে পড়ার মতো। ভ্যাটিকান সিটির আদলে গড়া হয়েছে এবারের পুজোমণ্ডপ। পুজোর উদ্বোধন করেন এসডিও পুষ্পা দোলমা লেপচা, এসডিপিও গেইলসন লেপচা, বিধায়ক নির্মলচন্দ্র রায়। এদিন থেকেই পুজোমণ্ডপ খুলে দেওয়া হয়েছে সাধারণ মানুষের জন্যে। আয়োজকদের তরফে আচার্যপ্রসাদ বিশ্বাস বলেন, 'আমাদের আশা মণ্ডপ, প্রতিমা ও আলোকসজ্জা মিলে সকলের মন কাড়বে এবারের আয়োজন। দর্শনার্থীদের কথা মাথায় রেখেই আগেভাগে পুজো উদ্বোধন হল।' মঙ্গলবার শহরে আরও তিনটি বড় পুজোর উদ্বোধন হবে।



## জরুরি তথ্য

(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

■ **জলপাইগুড়ি মেডিকেল কলেজের ব্লাড ব্যাংক**

| | |
|---|---|
| এ পজিটিভ | – ৩ |
| এ নেগেটিভ | – ০ |
| বি পজিটিভ | – ২ |
| বি নেগেটিভ | – ০ |
| এবি পজিটিভ | – ১ |
| এবি নেগেটিভ | – ০ |
| ও পজিটিভ | – ৩ |
| ও নেগেটিভ | – ০ |

■ **মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতাল ব্লাড ব্যাংক**

■ **পিআরবিসি**

| | |
|---|---|
| এ পজিটিভ | – ৫ |
| এ নেগেটিভ | – ০ |
| বি পজিটিভ | – ১৫ |
| বি নেগেটিভ | – ০ |
| ও পজিটিভ | – ১০ |
| ও নেগেটিভ | – ০ |
| এবি পজিটিভ | – ১০ |
| এবি নেগেটিভ | – ০ |

■ **এফএফপি**

| | |
|---|---|
| এ পজিটিভ | – ৫ |
| এ নেগেটিভ | – ০ |
| বি পজিটিভ | – ৫ |
| ও পজিটিভ | – ৫ |
| এবি পজিটিভ | – ৫ |

■ **প্লেটলেট**

| | |
|---|---|
| এ পজিটিভ | – ১ |
| বি পজিটিভ | – ১ |
| ও পজিটিভ | – ১ |
| এবি পজিটিভ | – ১ |

# মাইক নিয়ে কড়া নির্দেশিকা

**ময়নাগুড়ি, ২৮ অক্টোবর :** কালীপুজোয় মাইক বাজানো নিয়ে সোমবার ময়নাগুড়ি থানায় বৈঠক হল। বৈঠকে পুলিশ প্রশাসনের সঙ্গে সাউন্ড ওনার্স অ্যাসোসিয়েশনের সদস্যদের আলোচনা হয়। কালীপুজোয় মাইক বাজানো নিয়ে প্রশাসন নির্দেশিকা জারি করছে। ময়নাগুড়ি ব্লক সাউন্ড সিস্টেম ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি অখিল সরকার, সম্পাদক উৎপল সেন জানালেন, প্রশাসনের নির্দেশ মেনেই মাইক বাজানো হবে। সেই নির্দেশিকায় বলা হয়েছে, মণ্ডপে প্রতিমা নিয়ে আসা ও নিরঞ্জনের সময় কোনও মাইক বা বক্স বাজানো যাবে না। আয়োজকরা চাইলে ঢাক ব্যবহার করতে পারবেন। পাশাপাশি, মণ্ডপে ডিজে বাজানোর ওপরে প্রশাসন নিষেধাজ্ঞা জারি করেছে। নির্দিষ্ট সময়ে ছোট সাউন্ড বক্স ও মাইক বাজানো যাবে। ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষের বক্তব্য, 'দুর্গাপুজোর সময়েও সাউন্ড সিস্টেম ওনার্স অ্যাসোসিয়েশনের সদস্যরা সহযোগিতা করেছেন। এবারেও তাঁরা আমাদের পাশে থাকবেন বলছেন।'

# বাইরের আলোকশিল্পী না আনার দাবি

**জ্যোতি সরকার**

**জলপাইগুড়ি, ২৮ অক্টোবর :** জলপাইগুড়িতে এবারে স্থানীয় আলোকশিল্পীদের কালীপুজোর বাজার মন্দা। কারণ আলোকসজ্জার কাজের সবচেয়ে বড় অংশ করছেন চন্দননগরের শিল্পীরা। স্থানীয় শিল্পীরা কালীপুজোর দিকে তাকিয়ে থাকেন– ব্যবসা ভালো হবে এই আশায়। কিন্তু বড় পুজোর প্যান্ডেলগুলিতে চন্দননগরের শিল্পীদের রমরমা কারবার। ফলে স্থানীয় শিল্পীরা মনমরা। শুধু আলোকসজ্জা নয়, প্রতিমার ক্ষেত্রেও দেখা যাচ্ছে জলপাইগুড়ির বাইরে থেকে প্রতিমা আনা হচ্ছে। এর ফলে স্থানীয় অর্থনীতিতে বিরূপ প্রভাব পড়ছে। শহরের বিগ বাজেটের পুজোগুলির মধ্যে দাদাভাই ক্লাব, নবারুণ সংঘ, যুব ঐক্য, মিলনি সংঘের পুজোর কমিটির উদ্যোক্তারা চন্দননগরের শিল্পীদের দিয়ে আলোকসজ্জা করাচ্ছেন। দাদাভাই ক্লাবের সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, আলোকসজ্জাকে আধুনিক মাত্রা দিতেই তাঁরা চন্দননগরের শিল্পীদের এনেছেন। সৈকত চট্টোপাধ্যায় যুব ঐক্যের। এই পুজো কমিটিও দর্শকদের কাছে টানতে চন্দননগরের আলোকশিল্পীদের এনেছেন। মিলনি সংঘের পুজো কমিটির সম্পাদক প্রতীক ঝা চক্রবর্তী জানালেন, তাঁরাও চন্দননগরের আলোকশিল্পীকে দিয়েই কাজ করাচ্ছেন।

৩০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এক আলোকশিল্পীর কথায়, 'আমাদের ব্যবসা করা এখন দুরূহ হয়ে পড়েছে। আলোকশিল্পে অনেক বৈচিত্র্য এসেছে। স্থানীয় শিল্পীদের যেমন প্রশিক্ষণের প্রয়োজন, তেমনি আলোকসজ্জার আধুনিক সরঞ্জাম কেনার পুঁজিরও অভাব। স্থানীয় শিল্পীদের সহায়তা করার জন্য সরকারের কাছে আমাদের বিনম্র আবেদন।' আলোকসজ্জার কাজ সিজনাল। তাঁদের বিয়ের মরশুম সহ পুজো পর্যন্ত পাঁচ মাস কাজ করে সারাবছরের সাংসারিক খরচ তুলতে হয়। পুজো কমিটিগুলির কাছে তাঁদের আবেদন, তারা যাতে আলোকসজ্জার কাজে স্থানীয় শিল্পীদের প্রাধান্য দেয়।

একই অবস্থা মৃৎশিল্পীদের ক্ষেত্রেও। সংগঠনের প্রবীণ নেতা রতন পালের বক্তব্য, তাঁরা দীর্ঘদিন ধরে বাইরে থেকে জলপাইগুড়ি শহরে প্রতিমা আনার বিরুদ্ধে আন্দোলন করছেন। তাঁদের আন্দোলনের জেরে বাইরে থেকে প্রতিমা আনা অনেকটা কমেছে। তবুও বেশ কয়েকটি কমিটি বাইরের শিল্পীদের দিয়ে কাজ করাচ্ছে। সেটা বন্ধ হোক বলে দাবি রতনের।

